# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৮৫]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৪৮: সালাতে আল্লাহর মাহাত্ম্য বর্ণনা করা ও নবী (সা.)-এর ওপর দরূদ পাঠ করা

بَاب التَّمْجِيدِ وَالصَّلَاةِ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، عَنْ أَبِي هَانِئٍ، أَنَّ أَبَا عَلِيٍّ الْجَنْبِيَّ حَدَّثَهُ، أَنَّهُ سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ، يَقُولُ: سَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يَدْعُو فِي صَلَاتِهِ لَمْ يُمَجِّدِ اللَّهَ وَلَمْ يُصَلِّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَجِلْتَ أَيُّهَا الْمُصَلِّي ثُمَّ عَلَّمَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَسَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا يُصَلِّي فَمَجَّدَ اللَّهَ وَحَمِدَهُ وَصَلَّى عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ادْعُ تُجَبْ وَسَلْ تُعْطَ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٣٥٨ (١٤٨١)، سنن الترمذی/الدعوات ٦٥ (٣٤٧٧)، مسند احمد ٦/١٨، (تحفة الأشراف: ١١٠٣١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1285 - صحيح

বাংলা

১২৮৪. মুহাম্মাদ ইবনু সালামাহ্ (রহ.) .... ফাযালাহ্ ইবনু ’উবায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) এক ব্যক্তিকে সালাতে দু’আ করতে শুনলেন, সে (দু’আয়) আল্লাহর প্রশংসাও করল না এবং নবী (সা.) -এর ওপর দরূদও পড়ল না। তখন রাসূলুল্লাহ (সা.) তাকে বললেন, হে মুসল্লী! তুমি দু’আ খুব দ্রুত করে ফেলেছ। অতঃপর রাসূলুল্লাহ (সা.) মুসল্লীদের দু’আর নিয়ম শিখালেন। তখন রাসূলুল্লাহ (সা.) এক ব্যক্তিকে দেখলেন, সে সালাত আদায় করল এবং আল্লাহ তা’আলার মাহাত্ম ও তাঁর প্রশংসা বর্ণনা করল এবং রাসূলুল্লাহ (সা.) -এর ওপর দরূদ পাঠ করল। তখন রাসূলুল্লাহ (সা.) (তাঁকে) বললেন, তুমি দু’আ কর, তা (নিশ্চয়) কবুল করা হবে এবং

আল্লাহর কাছে চাও, তোমাকে দেয়া হবে।

## English

48. Glorifying Allah And Sending Salah Upon The Prophet In The Prayer

Fadalah bin Ubaid said: The Messenger of Allah (ﷺ) heard a man supplicating during the prayer without glorifying Allah (SWT) nor sending salah upon the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) said: 'You are in a hurry, O worshipper.' Then the Messenger of Allah (ﷺ) taught them. And the Messenger of Allah (ﷺ) heard a man praying; he glorified and praised Allah (SWT) and sent salah upon the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) said: 'Supplicate, you will be answered; ask, you will be given.'

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৪৮১, তিরমিযী ৩৪৭৬, ৩৭২৪; সহীহ ইবনু খুযায়মাহ ৭১০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন